

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৪৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১২. যিনি বলেন, তার উপর কাফফারাহ ওয়াজিব

بَابِ مَنْ قَالَ عَلَيْهِ الْكَفَّارَةُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنْ يَزِيدَ بْنِ أَبِي مَالِكٍ عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ زَيْدٍ
بْنِ الْخَطَّابِ قَالَ كَانَ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ امْرَأَةٌ تَكْرُهُ الْجَمَاعَ فَكَانَ إِذَا أَرَادَ أَنْ يَأْتِيَهَا
اعْتَلَّتْ عَلَيْهِ بِالْحَيْضِ فَوَقَعَ عَلَيْهَا فَإِذَا هِيَ صَادِقَةٌ فَأَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
فَأَمَرَهُ أَنْ يَتَصَدَّقَ بِخُمُسِيْ دِينَارٍ

বাংলা

১১৪৪. আব্দুল হামীদ ইবনু যাইদ ইবনু খাতাব বলেন, উমার ইবনুল খাতাবের একজন স্ত্রী ছিলো যে সহবাস করতে অপছন্দ করতো। ফলে তিনি যেদিনই তার সাথে মিলিত হতে চাইতেন, সেদিনই সে তার নিকট হায়িয়গ্রস্ত হওয়ার অজুহাত দিতেন। তারপর তিনি একদিন তার সাথে মিলিত হলেন, যেদিন সে সত্যই (হায়িয়গ্রস্ত) ছিলো। তারপর তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট আসলেন (এবং বিষয়টি তাঁকে জানালেন।) তখন তিনি তাকে এক দীনারের দুই-পঞ্চমাংশ দান করতে আদেশ দিলেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ মু'দ্বাল (মাঝে একাধিক রাবী বাদ পড়েছে)।

তাখরীজ: আবু দাউদ ২৬৬। এ হাদীস বর্ণনার পর আবু দাউদ বলেছেন: ‘এটি মু'দ্বাল’। সুনানে বাইহাকী ১/৩১৬।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

৫ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81427>

ও হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন